

# AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 12-11-2025

Time: 7.35 A.M.

## বিশেষ বিশেষ খবরঃ-

- ১) রাজ্যে এস আই আর-এর অধীনে গতকাল বিকেল পর্যন্ত সাড়ে ৬ কোটির বেশি এন্যুমারেশন ফর্ম বিলি করা হয়েছে। বিএলএ নিয়োগের নিয়ম শিথিল করেছে নির্বাচন কমিশন।
- ২) ভোটের তালিকায় নিবিড় সংশোধনের কাজ নির্বাচন কমিশনকেই করতে হবে এবং এতে আতঙ্কিত হওয়ার কিছুই নেই বলে সুপ্রিম কোর্ট মত প্রকাশ করেছে।
- ৩) তৃণমূল কংগ্রেসের জন্য রাজ্যের শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়েছে বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন।
- ৪) আজ জন সম্প্রচার দিবস। রেডিওর মাধ্যমে জাতির জনক মহাত্মা গান্ধীর ঐতিহাসিক ভাষণকে স্মরণে রেখে প্রতিবছর ১২-ই নভেম্বর দিনটি পালন করা হয়।
- ৫) রঞ্জি ট্রফি ক্রিকেটে রেলওয়েজকে হারিয়ে গ্রুপ শর্ষে উঠে এসেছে বাংলা।

oooooooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ সহ দেশের বারোটি রাজ্যে জোরকদমে চলছে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়া। নির্বাচন কমিশন সূত্রে খবর, গতকাল বিকেল পর্যন্ত রাজ্যে সাড়ে ছয় কোটিরও বেশি এনুমারেশন ফর্ম দেওয়ার কাজ সম্পূর্ণ হয়েছে। ইতিমধ্যেই সিংহভাগ ফর্ম বিলি করা হয়েছে বলে কমিশন সূত্রের খবর। এই ফর্ম পূরণ করে জমা দেওয়ার শেষ দিন আগামী চৌঠা ডিসেম্বর। এরপর ৯ ডিসেম্বর প্রকাশিত হবে খসড়া ভোটার তালিকা।

এদিকে, এস আই আর-এর অধীনে এনুমারেশন ফর্ম বিলি শুরু হওয়ার ৮ দিন পর নির্বাচন কমিশন বুথ লেভেল এজেন্ট বা বিএলএ নিয়োগের নিয়ম শিথিল করেছে। ২০২৩-এর নির্দেশিকা অনুযায়ী কোন রাজনৈতিক দলের বিএলএ-কে সেই বুথেরই ভোটার হতে হবে। এই নিয়ম বদল করে গতকাল কমিশন জানিয়েছে, নির্দিষ্ট বুথের ভোটার না হলেও সংশ্লিষ্ট বিধানসভার ভোটার হলেই বিএলএ বা বুথ লেভেল এজেন্ট হিসেবে নিয়োগ করা যাবে। সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে মুখ্য নির্বাচনী আধিকারিককে এই মর্মে নির্দেশিকা পাঠিয়েছে ভারতের নির্বাচন কমিশন।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। এক্স হ্যান্ডেলে এক বার্তায় তিনি বলেন, এই সিদ্ধান্ত ভোট প্রক্রিয়ার স্বচ্ছতা আরও বাড়াবে। একই সঙ্গে সব রাজনৈতিক দলই উপকৃত হবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় নিবিড় সংশোধনের কাজ নির্বাচন কমিশনকেই করতে হবে বলে সুপ্রিম কোর্ট মত প্রকাশ করেছে। এস আই আর নিয়ে সুপ্রিম কোর্টে দায়ের হওয়া মামলায় গতকাল বিচারপতি সূর্যকান্ত বলেন, নির্বাচন কমিশন একটি সাংবিধানিক প্রতিষ্ঠান। কোন ভুলত্রুটি থাকলে কমিশন নিশ্চয়ই তা সংশোধন করে নেবে। এতে আতঙ্কিত হওয়ার কিছু নেই।

উল্লেখ্য রাজ্যে এস আই আর-এর বিরুদ্ধে শাসক দল তৃণমূল কংগ্রেসের পাশাপাশি প্রদেশ কংগ্রেসও মামলা দায়ের করে। এবিষয়ে কমিশনের বক্তব্য জানতে চেয়েছে সুপ্রিম কোর্ট। একই সঙ্গে শীর্ষ আদালত এও জানিয়েছে, সুপ্রিম কোর্টে শুনানি চলাকালীন এসআইআর নিয়ে কোন মামলা হাইকোর্ট শুনতে পারে না। যদি কিছু জানানোর হয়, তবে তা সর্বোচ্চ আদালতকেই জানাতে হবে। আগামী ২৬-শে নভেম্বর ফের এই মামলার শুনানি।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে এস আই আর-এর বিরোধিতা করায় তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে সরব হয়েছে বিজেপি। দলের রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য জানিয়েছেন, তৃণমূল কংগ্রেস বিভিন্ন দুর্নীতি ঢাকতে এই প্রক্রিয়ার বিরোধিতা করছে।

(বাইট – শমিক)

০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর নিয়ে আজ প্রচারিত হবে একটি বিশেষ আলোচনা। এতে অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী। তাঁর সঙ্গে কথা বলেছেন সন্দীপন দাশগুপ্ত। অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে ৯-টা থেকে গীতাঞ্জলী প্রচার তরঙ্গে এবং ডিটিএইচ পরিষেবায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিস্তারিত প্রকল্প প্রতিবেদন (ডিপিআর) তৈরির ক্ষেত্রে মনুষ্য ঘটিত ভুল রোধ ও দ্রুততা আনতে নতুন প্রযুক্তি চালু করল রাজ্য সরকার। ‘সিস্টেম-জেনারেটেড ডিপিআর’ নামের ওই পদ্ধতিতে এবার থেকে সম্পূর্ণ স্বয়ংক্রিয়ভাবে সরকারি প্রকল্পের হিসাব-নিকাশ ও রিপোর্ট প্রস্তুতি হবে।

এতদিন পর্যন্ত ম্যানুয়ালি ডিপিআর তৈরি করতে গিয়ে বারবার ভুল দেখা দিচ্ছিল। এর ফলে ডিপিআর তৈরি বিলম্বিত হচ্ছিল এবং প্রকল্পের কাজও পিছিয়ে যাচ্ছিল। সেই সমস্যা কাটাতেই এই নতুন ব্যবস্থা আনা হয়েছে। নতুন পদ্ধতিতে নির্দিষ্ট কোনও প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত ইঞ্জিনিয়ার কেবলমাত্র প্রয়োজনীয় উপকরণের পরিমাণ উল্লেখ করলে স্বয়ংক্রিয়ভাবে মোট ব্যয় নির্ণয় করে সম্পূর্ণ ডিপিআর তৈরি হয়ে যাবে। বিশেষত রাস্তা নির্মাণ ও সংস্কার প্রকল্পে এই পদ্ধতি সবচেয়ে কার্যকর হবে বলে আশা করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এরাজ্যের রাজ্যপাল হিসাবে তিন বছর পূর্তি উপলক্ষ্যে রাজ্যপাল সিভি আনন্দ বোস এবার রাজ্যের গ্রামীণ এলাকার বাসিন্দাদের প্রকৃত অবস্থা জানতে সেখানে রাত্রিবাস করার সিদ্ধান্ত নিয়েছেন। আমার গ্রাম কর্মসূচির আওতায় রাজ্যপাল ইতমধ্যেই রাজ্যের বিভিন্ন প্রত্যন্ত গ্রামীণ এলাকা পরিদর্শন করেছেন। ওই কর্মসূচির পরবর্তী ধাপ হিসেবে গ্রামে রাত্রি যাপনের এই সিদ্ধান্ত বলে রাজভবন সূত্রে জানা গেছে। গ্রামের বাসিন্দাদের মধ্যে থেকে রাজ্যপাল তাঁদের সমস্যা ও অভাব অভিযোগ সম্পর্কে অবহিত হবেন ও তার সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন। আগামী ২৩ নভেম্বর নিজের পদে তিন বছর পূর্ণ করবেন সিভি আনন্দ বোস। এই উপলক্ষ্যে রাজভবনের তরফে আরো নানা কর্মসূচি হাতে নেওয়া হচ্ছে। ২৩ তারিখে রাজভবনের উদ্যোগে ১০০ জন দুঃস্থ যুবক-যুবতীর বিবাহ দেওয়া হবে। এ বিষয়ে আবেদনগ্রহণের প্রক্রিয়াও শুরু হয়ে গিয়েছে। ইচ্ছুকদের আগামী ১৬ তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস সরকারের জন্য রাজ্যের শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়েছে বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, দেশ যখন উদ্ভাবন ও কর্মসংস্থানের দিকে এগিয়ে

যাচ্ছে,সেই সময় রাজ্যে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা পুরোপুরি ভেঙে পড়েছে। শিক্ষা ক্ষেত্রে দুর্নীতির কারণে ২০১৯ থেকে ২৪সালের মধ্যে প্রায় ৯লক্ষ পড়ুয়া সরকারি স্কুল থেকে বেসরকারি স্কুলে চলে গেছে। শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করতেই রাজ্য সরকার জাতীয় শিক্ষানীতি পশ্চিমবঙ্গে চালু করছে না বলেও অভিযোগ করেন তিনি।

(বাইট- সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা নিয়ে বিস্তারিত রিপোর্ট কলকাতা হাইকোর্টে জমা দিয়েছে রাজ্য। আদালতের নির্দেশে বৈঠকের পরই জমা দেওয়া রিপোর্টে জানানো হয়, ক্যাম্পাসের সুরক্ষা ব্যবস্থা আঁটোসাঁটো করতে একাধিক পদক্ষেপ নেওয়া হয়েছে। মূল ক্যাম্পাস এবং সল্টলেক ক্যাম্পাসে সিসিটিভি লাগানোর জন্য ৬৮ লক্ষ ৬২ হাজার টাকার বেশি বরাদ্দ করা হয়েছে। ইতিমধ্যে সেই অর্থ মঞ্জুরও করেছে রাজ্য সরকার।

একই সঙ্গে নতুন করে নিয়োগ করা হবে ৩২ জন নিরাপত্তারক্ষীকে। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি চৈতালি চ্যাটার্জী দাসের ডিভিশন বেঞ্চ নির্দেশ দিয়েছে বিশ্ববিদ্যালয়ের শান্তিশৃঙ্খলা ও নিরাপত্তা বজায় রাখতে কর্তৃপক্ষকে রাজ্য পুলিশের সঙ্গে সামঞ্জস্য রেখে চলতে হবে। এব্যাপারে সরকারী অর্থ পাওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কি ব্যবস্থা নিয়েছে সেসংক্রান্ত একটি রিপোর্ট ১৮-ই নভেম্বরের মধ্যে জমা দেওয়ারও নির্দেশ দিয়েছে বেঞ্চ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

জন সম্প্রচার দিবস আজ। রেডিওর মাধ্যমে জাতির জনক মহাত্মা গান্ধীর ঐতিহাসিক ভাষনকে স্মরণে রেখে প্রতিবছর ১২ই নভেম্বর দিনটি পালন করা হয়। ভারতের সম্প্রচার জগতের ইতিহাসে এই দিনটি উল্লেখযোগ্য হয়ে রয়েছে। ১৯৪৭

সালের আজকের দিনের মহাত্মা গান্ধী নতুন দিল্লীর ব্রডকাস্টিং হাউস বা সম্প্রচার ভবনে প্রথমবার পা রেখেছিলেন। দীপাবলী উৎসবের এক বিশেষ অনুষ্ঠানে তিনি কুরুক্ষেত্রে বসবাসকারী শোকাক্ত ভারতীয় এবং পাকিস্তান থেকে আসা উদবাস্তুদের উদ্দেশে ভাষণ দেন। স্বাধীনতা সংগ্রামী রাজকুমারী অমৃত কৌর তাঁর সফরসঙ্গী ছিলেন। প্রথমে অনিচ্ছুক থাকলেও পরে ঘনশ্যাম দাস বিড়লার পরামর্শে শ্রী গান্ধী এই ঐতিহাসিক ভাষণ দেওয়ার জন্য রাজী হন। গোটা স্টুডিওটিকে সাজিয়ে তোলা হয়েছিল তাঁর দৈনিক প্রার্থনা সভার মতো করে। শ্রী গান্ধী তাঁর ভাষনে জানান, জনগনের দুঃখে পীড়িত হয়েই তিনি ভাষনের মাধ্যমে তাদের কাছে পৌঁছানোর চেষ্টা করেছেন।

( বাইট – গান্ধীজী)

এর পরের দিনই হিন্দুস্তান টাইমস শিরোনামে মহাত্মা গান্ধীর এই ভাষণকে এক অভাবনীয় শক্তি হিসেবে উল্লেখ করা হয়।

২০২০ সালে তৎকালীন তথ্য ও সম্প্রচার মন্ত্রী সুষমা স্বরাজ ১২ ই নভেম্বর দিনটিকে জন সম্প্রচার দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত নেন। সেই থেকেই আকাশবানী আজকের দিনে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে আসছে। ২০২৩ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন কি বাত অনুষ্ঠানের শততম পর্বে, সংশ্লিষ্ট স্টুডিওটিকে বাপু স্টুডিও হিসেবে উতসর্গ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

চলচ্চিত্রকে এখনোও আমাদের দেশে অভিভাবকরা শিক্ষার মূলধারায় ভাবতে রাজি নন বলে মত প্রকাশ করেছেন সিনেমা জগতের বিশিষ্টজনেরা। ৩১ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে গতকাল ওপেন ফোরামে “ভারতীয় সিনেমার কি কি প্রয়োজন” শীর্ষক আলোচনায় অংশ নিয়ে প্রযোজক ফিরদৌসল হাসান ও শমিক রায়

চৌধুরী বলেন, শুধু ভালো সিনেমা তৈরি নয় একজন ভালো দর্শক হতে গেলেও চলচ্চিত্র শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আজ সকালে পরিচালক রাজা মিত্রকে শ্রদ্ধা জানাতে চলচ্চিত্র শতবার্ষিকী ভবনে সেলুলয়েড প্রযুক্তির মাধ্যমে দেখানো হবে ১৯৯৭ সালে তাঁর তৈরি “নয়নতারা” ছবিটি। এবারের উৎসবে একুশটি প্রেক্ষাগৃহে ৩৯ টি দেশের ২১৫ টি ছবির মধ্যে এই একটি মাত্র ছবি সেলুলয়েডে দেখানো হচ্ছে। উৎসব কর্তৃপক্ষ জানিয়েছেন ইতিহাসের পাতায় ঠাঁই নিতে যাওয়া এই ব্যবস্থাকে ধরে রাখতেই তাঁদের এই উদ্যোগ।

আজ বিকেলে শিশির মঞ্চে ঋত্বিক ঘটক স্মারক আলোচনায় অংশ নেবেন, আদুর গোপালকৃষ্ণান এবং অনুপ সিং।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রতিদিনই একটু একটু করে কমছে তাপমাত্রার পারদ। আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস যার স্বাভাবিকের থেকে ৩ দশমিক ১ ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে প্রায় আড়াই ডিগ্রী কম। দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই তাপমাত্রা স্বাভাবিকের থেকে কম রয়েছে। গতকাল সিউড়িতে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

অন্যদিকে, দার্জিলিং পাহাড়ি এলাকায় গতকাল তাপমাত্রা নেমে গিয়েছিল ৮ ডিগ্রি সেলসিয়াসে। তবে উত্তরবঙ্গের বাকি পাঁচ জেলায় সর্বনিম্ন তাপমাত্রা এখনও স্বাভাবিকের উপরে। আগামী দুই এক দিনে তাপমাত্রার খুব একটা হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

গুজরাটের সুরাটের লালভাই কন্ট্রাক্টর স্টেডিয়ামে রঞ্জি ট্রফি ক্রিকেটে গতকাল বাংলা, রেলওয়েজকে এক ইনিংস ও ১২০ রানে হারিয়ে দিয়েছে। খেলার চতুর্থ দিনে রেলওয়েজ দ্বিতীয় ইনিংসে ৫ উইকেটে ৯০ রান হাতে নিয়ে খেলতে নেমে ১৩২ রানে অলআউট হয়ে যায়।

উল্লেখ্য, বাংলা প্রথম ইনিংসে ৪ শো ৭৪ রান করে। জবাবে রেলওয়েজ প্রথম ইনিংসে ২ শো ২২ রান করে। সংক্ষিপ্ত স্কোর বাংলা ৪ শো ৭৪। রেলওয়েজ ২ শো ২২ ও ১ শো ৩২।

জয়ের ফলের ৪ ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে বাংলা এলিট সি গ্রুপের শীর্ষস্থানে উঠে এলো। বাংলার পরের ম্যাচ ১৬ নভেম্বর (রবিবার) থেকে অসমের বিরুদ্ধে, কল্যাণীর বেঙ্গল ক্রিকেট অ্যাকাডেমি মাঠে শুরু হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০